www.bdniyog.com



# বাঙালি বিজ্ঞানি



## জগদীশচন্দ্র বসু

জগদীশ চন্দ্র বসু (Jagadish Chandra Bose) ১৮৫৮ খ্রিস্টাব্দে ময়মনসিংহ জেলায় জন্মগ্রহণ করেন। তাঁর আবিষ্কারের মধ্যে ক্রেসকোগ্রাফ (উদ্ভিদের বৃদ্ধি পরিমাপক যন্ত্র) প্রধান। জগদীশ চন্দ্র ছিলেন রবীন্দ্রনাথের ঘনিষ্ট বন্ধু। ছোটদের জন্য তিনি 'অব্যক্ত' নামক বিজ্ঞান বিষয়ক একটি গ্রন্থ রচনা করেন। তিনি গাছের প্রাণ এবং মার্কনির আগেই রেডিও আবিষ্কার করেছিলেন বলে বাঙালি একটি মহলে ধারণা প্রচলিত আছে। প্রথম ধারণা একবারেই ভুল। গাছের প্রাণ নিয়ে পণ্ডিতেরা প্রাচীনকাল থেকেই একবারেই নিঃসংশয় ছিলেন। জগদীশচন্দ্র কেবল প্রচুর পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে প্রমাণ করেছিলেন যে, উদ্ভিদ ও প্রাণী জীবনের মধ্যে অনেক সাদৃশ্য আছে। দ্বিতীয় ধারণাটিও সর্বাংশে সঠিক নয়। মার্কনি আধুনিক ছোট বা শর্ট তরঙ্গ মাপের বেতারতরঙ্গ ব্যবহার করে দূরে বেতার তরঙ্গ পাঠাতে সক্ষল হয়েছিলেন যার ফলশ্রুতি হল রেডিও। কিন্তু জগদীশচন্দ্র কাজ করেছিলেন অতি ক্ষুদ্র বা মাইক্রোওয়েভ বেতার তরঙ্গ নিয়ে যার প্রয়োগ ঘটেছে আধুনিক টেলিভিশন এবং রাডার যোগাযোগের ক্ষেত্রে। ১৯৩৭ সালে ভারতের ঝাড়খণ্ডের গিরিডিতে তিনি মৃত্যুবরণ করেন।

## প্রফুল্ল চন্দ্র রায়




প্রফুল্ল চন্দ্র রায় (Prafulla Chandra Roy) যিনি পি.সি রায় নামেও পরিচিত (১৮৬১-১৯৪৪ খ্রি.) একজন প্রখ্যাত বাঙালি রসায়নবিদ, বিজ্ঞানশিক্ষক, দার্শনিক ও কবি। তিনি বেঙ্গল কেমিক্যালের প্রতিষ্ঠাতা এবং মারকিউরাস নাইট্রাস এর আবিষ্কারক। তাঁর জন্ম অবিভক্ত বাংলার খুলনা জেলায়। তিনি জগদীশ চন্দ্র বসুর সহকর্মী ছিলেন।



## মেঘনাদ সাহা

মেঘনাদ সাহা (Meghnad Saha) সংক্ষেপে এম. এন সাহা কে আধুনিক অ্যাস্ট্রোফিজিক্স এর জনক বলা হয়। তিনি পদার্থবিজ্ঞানে থার্মাল আয়নাইজেশন (ThermalIonaisation) তত্ত্বের প্রতিষ্ঠাতা হিসাবে বিখ্যাত। ১৮৯৩ সালে ঢাকায় জন্মগ্রহণ করেন। তিনি বঙ্গভঙ্গ আন্দোলনের সাথে জড়িত ছিলেন।

## ফজলুর রহমান খান



ফজলুর রহমান খান (Fazlur Rahman Khan) বাংলাদেশের একজন বিশ্বখ্যাত স্থপতি ও প্রকৌশলী। তিনি এফ. আর খান নামে সুপরিচিত। তিনি পৃথিবীর অন্যতম উচ্চতম ভবন মার্কিন যুক্তরাষ্ট্রের শিকাগোর 'সিয়ার্স টাওয়ার' এর নকশা প্রণয়ন করেন। সিয়ার্স টাওয়ারের বর্তমান নাম উইলিস টাওয়ার ।

BCS Spotlight

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner



## আব্দুল্লাহ আল মুতী শরফুদ্দীন

প্রখ্যাত শিক্ষাবিদ এবং বিজ্ঞান লেখক আবদুল্লাহ আল মুতী শরফুদ্দীন (Abdullah-Al-Muti Sharfuddin) সিরাজগঞ্জ জেলার ফুলবাড়ি গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৫২ সালের ভাষা আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। এদেশে বিজ্ঞানকে জনপ্রিয় করার জন্য ইউনেস্কোর আন্তর্জাতিক 'কলিঙ্গ পুরস্কার' (১৯৮৩ খ্রি.) লাভ করেন। তাঁর বিজ্ঞান বিষয়ক গ্রন্থের মধ্যে 'এসো বিজ্ঞানের রাজ্যে' 'আবিষ্কারের নেশায়', 'রহস্যের শেষ নেই', 'সাগরের রহস্যপুরী', 'জানা-অজানা দেশে' বিশেষ উল্লেখযোগ্য।

## সত্যেন্দ্রনাথ বসু



সত্যেন্দ্রনাথ বসু (Satyendra Nath Bose) ছিলেন একজন ভারতীয় বাঙালি পদার্থবিজ্ঞানী। তিনি আলবার্ট আইস্টাইনের সাথে যৌথভাবে বোস-আইনস্টাইন পরিসংখ্যান প্রদান করেন, যা পদার্থ বিজ্ঞানের অন্যতম গুরুত্বপূর্ণ আবিষ্কার হিসেবে বিবেচিত। কর্মজীবনে তিনি সম্পৃক্ত ছিলেন বৃহত্তর বাংলার তিন শ্রেষ্ঠ শিক্ষায়তন কলকাতা, ঢাকা এবং বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সঙ্গে।



## জামাল নজরুল ইসলাম

জামাল নজরুল ইসলাম (Jamal Nazrul Islam) বাংলাদেশের একজন বিশিষ্ট পদার্থবিজ্ঞানী, জ্যোতির্বিজ্ঞানী। তাঁর জন্ম ঝিনাইদহ শহরে। তিনি মহাবিশ্বের উদ্ভব ও পরিণতি বিষয়ে মৌলিক গবেষণার জন্য খ্যাতি লাভ করেন। তাঁর বিখ্যাত গ্রন্থ 'The Ultimate Fate of the Universe' (১৯৮৩ খ্রি.) কেমব্রিজ ইউনিভিার্সিটি প্রেস থেকে প্রকাশিত হলে বিজ্ঞানী মহলে ব্যাপক সাড়া ফেলতে সক্ষম হয়।

## MCQ Solution

১. **Sir Jagadis Chandra Bosu is famous for his contribution the field of -/ স্যার জগদীশ চন্দ্র বসু কোন ক্ষেত্রে অবদানের জন্য বিখ্যাত?** [Premier Bank Ltd. MTO : 09; Prime Bank Ltd. Officer: 09]

ⓐ Physics ⓑ Biology
ⓒ Bengali Literature ⓓ All of the previous **Ans. b**

২. **'*That plants also have life*' was discovered by -** [IFIC Bank Ltd. Probationary Officer: 92] **Or,**
**গাছের প্রাণ আছে - কে প্রমাণ করেন?** [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে হাইকোর্টের রেজিস্ট্রার : ১৪]

ⓐ Einstein ⓑ Jagadish Chandra Bose
ⓒ Hemingway ⓓ Darwin **Ans. b**

৩. **জগদীশচন্দ্র বসু রচিত গ্রন্থ কোনটি?** [তথ্য মন্ত্রণালয়ের অধীনে টেলিভিশন প্রকৌশলী গ্রেড-২ : ০৪]

ⓚ বিজ্ঞানের কথা ⓚ অব্যক্ত
ⓖ বক্তব্য ⓖ বিশ্ব-পরিচয় **উত্তর: খ**

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com



৪. যে বাঙালি বিজ্ঞানী 'ফাদার অব মডার্ন অ্যাসট্রোফিজিক্স' হিসেবে পরিচিত - [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ⓚ সত্যেন সাহা ⓚ জগদীশচন্দ্র বসু
ⓖ মেঘনাদ সাহা ⓖ এফ আর খান **উত্তর: গ**

৫. জনাব এফ. আর. খান (ফজলুর রহমান খান) ছিলেন বাংলাদেশের গৌরব। তিনি কি ছিলেন? [১৮তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (পদ্ম) : ০৯]
ⓚ আণবিক বিজ্ঞানী ⓚ স্থপতি
ⓖ কম্পিউটার বিজ্ঞানী ⓖ ক্যান্সার চিকিৎসক **উত্তর: খ**

৬. **F. R Khan was —** [Janata Bank Ltd. AEO (Teller) : 15]
ⓐ A film director ⓑ A music director
ⓒ An architect ⓓ A writer **Ans. c**

৭. পৃথিবীর বিখ্যাত একজন বাঙ্গালী স্থপতি- [জাতীয় সংসদ সচিবালয়ের অধীনে সহকারী সচিব : ৯৬]
ⓚ মুবাসসার আলী ⓚ এফ. আর খান
ⓖ মাযহারুল ইসলাম ⓖ মুহম্মদ শহীদুল্লাহ **উত্তর: খ**

৮. বাংলাদেশের কোন স্থপতি সবচেয়ে বেশি আন্তর্জাতিক পুরস্কার ও সম্মাননা পেয়েছেন? [বাতিলকৃত ২৪ তম বিসিএস]
ⓚ হামিদুর রহমান ⓚ ফজলুর রহমান খান
ⓖ নভেরা আহমদ ⓖ জুলফিকার আলী খান **উত্তর: খ**

৯. ড. আব্দুল্লাহ আল মুতী শরফুদ্দীন রচিত বই - [প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরে সহকারী পরিচালক : ০১]
ⓚ আজব প্রাণী আজব গাছ ⓚ সাগরের রহস্যপুরী
ⓖ জলে-ডাঙ্গায় ⓖ বাঘের ঘরে ঘোগের বাস **উত্তর: খ**

১০. বাংলাদেশের কোন বিজ্ঞানী কলিঙ্গ পুরস্কার পান? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা) : ১২ / শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার : ০৫ / ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৪-০৫/ সাব- রেজিস্ট্রার : ০৩]
ⓚ ড. আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দীন ⓚ ড. কুদরত-ই-খুদা
ⓖ ড. জগদীশ চন্দ্র বসু ⓖ ড. কামাল উদ্দীন আহমদ **উত্তর: ক**

১১. যে বাঙালি বৈজ্ঞানিকের নামের সঙ্গে আইনস্টাইনের নাম জড়িত - [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩/ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ০০]
ⓚ এসএন বোস ⓚ জগদীশ চন্দ্র ঘোষ
ⓖ মতিন চৌধুরী ⓖ কেউই নন **উত্তর: ক**

১২. ঢাকা বিশ্বদ্যালয়ের শিক্ষক ছিলেন কোন বিজ্ঞানী? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪ -১৫]
ⓚ জগদীশচন্দ্র ⓚ সত্যেন্দ্রনাথ বসু
ⓖ আব্দুল সালাম ⓖ আব্দুল কাদির **উত্তর: খ**

১৩. জামাল নজরুল ইসলাম কে? [৩৪তম বিসিএস]
ⓚ ফুটবল খেলোয়াড় ⓚ অর্থনীতিবিদ
ⓖ কবি ⓖ বৈজ্ঞানিক **উত্তর: ঘ**

১৪. **The Book titled '*The Ultimate Fate of the Universe*' is written by the scientist-** [Shahjalal Islami Bank Ltd. Trainee Senior Officer: 13]
ⓐ Satyendra Nath Bose ⓑ Jamal Nazrul Islam
ⓒ Abdus Salam ⓓ C.V. Raman
ⓔ Meghnad Saha **Ans. b**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

১৫. **Which Bangladeshi engineer is the designer of record (DOR) of the planned large US civil work in Louisiana?** [Bangladesh Bank Asst. Director : 11]

ⓐ A.F Rahman ⓑ Jamilur Chowdhury
ⓒ Ainun Nishat ⓓ Anwar Zahid
ⓔ Mahbubul Azam

**Ans. d**

# বাঙালি সঙ্গীতশিল্পী

## ফকির লালন শাহ

লালন ফকির (Fakir Lalon Shah) ১৭৭৪ খ্রিস্টাব্দে ঝিনাইদহ জেলার হরিশপুরগ্রামে এক কায়স্থ হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন। কিন্তু ছেলেবেলায় অসুস্থ অবস্থায় তার পবিরার তাকে ত্যাগ করে। তখন সিরাজ সাই নামের এক মুসলমান বাউল তাঁকে আশ্রয় দেন এবং সুস্থ করে তোলেন। লালন শাহ ছিলেন একাধারে বাউল সাধক, বাউল গানের গীতিকার, সুরকার ও গায়ক। তাঁকে 'বাউল সম্রাট' হিসাবেও অভিহিত করা হয়। লালন কুষ্টিয়া জেলার ছেউড়িয়া গ্রামে একটি আখড়া গড়ে তোলেন, যেখানে তিনি তাঁর শিষ্যদের শিক্ষা দিতেন। ১৮৯০ সালের ১৭ অক্টোবর কুষ্টিয়ায় নিজ আখড়ায় মৃত্যুবরণ করেন।

বিখ্যাত কয়েকটি লালনগীতি:



* "খাঁচার ভিতর অচিন পাখী ......... ।"
* "মিলন হবে কত দিনে ......... ।"
* "আমার বাড়ীর কাছে আরশী নগর, এক পরশী বসত করে।"
* "সব লোকে কয় লালন কি জাত সংসারে...... "
* "জাত গেল জাত গেল বলে................................."
* "কেউ মালা, কেউ তসবি গলায়, তাইতো জাত ভিন্ন বলায়......"
* "আমি অপার হয়ে বসে আছি, ওহে দয়াময় পাড়ে লয়ে যাও আমায়....
* "দেখ না মন ঝক মারিয়া দুনিয়া দারি .........."
* "তিন পাগলের হলো মেলা....................."



## হাসন রাজা

দেওয়ান হাসন রাজা (Hason Raja) উনিশ শতকের সর্বাপেক্ষা খ্যাতনামা বাউল। তিনি ১৮৫৫ সালে সুনামগঞ্জে জন্মগ্রহণ করেন। হাসন রাজার বিখ্যাত গানের পঙ্ক্তি-

* "লোকে বলে, বলে রে, ঘর বাড়ী ভালা নয় আমার......"
* "মাটির পিঞ্জিরার মাঝে বন্দী হইয়ারে......................"
* "সোনা বন্ধে আমারে দেওয়ানা বানাইল...................."
* "আঁখি মুঞ্জিয়া দেখ রূপরে.................................."

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



## ওস্তাদ আলাউদ্দিন খাঁ (১৮৮১-১৯৭২ খ্রি.)



ওস্তাদ আলাউদ্দিন খাঁ (Ustad Alauddin Khan) সেতার-সানাই এবং রাগসঙ্গীতে বিখ্যাত ঘরানার গুরু হিসাবে সারা বিশ্বে বিখ্যাত। মূলত সরোদই ছিল তাঁর শাস্ত্রীয় সঙ্গীতের বহন। আলাউদ্দিন খাঁর জন্ম বর্তমান ব্রাহ্মণবাড়িয়া জেলার শিবপুর গ্রামে। তাঁর সন্তান ওস্তাদ আলী আকবর খাঁ ও অন্নপূর্ণাদেবী নিজ নিজ ক্ষেত্রে উজ্জ্বল নক্ষত্র হিসাবে প্রতিষ্ঠিত। আচার্যের বিখ্যাত শিষ্য হলেন পণ্ডিত রবি শংকর।

## আব্বাস উদ্দীন আহমদ (১৯০১ -১৯৫৯ খ্রি.)



বিখ্যাত লোকসঙ্গীত আব্বাস উদ্দীন আহমদ (Abbas Uddin) পশ্চিমবঙ্গের কুচবিহার জেলার অন্তর্গত বলরামপুরে জন্মগ্রহণ করেন। তিনি ভাওয়াইয়া, চটকা, জারি, সারি, ভাটিয়ালী, মুর্শিদী প্রভৃতি গানের জন্য খ্যাতি লাভ করেন। তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থ 'আমার শিল্পী জীবনের কথা'।

## শাহ আবদুল করিম

'বাউল সম্রাট' হিসেবে খ্যাত শাহ আবদুল করিম (Shah Abdul Karim) সুনামগঞ্জ জেলার উজানধল গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর কিছু অবিস্মরণীয় গান-



* গাড়ি চলে না, চলে না, চলে না রে............................
* আগে কি সুন্দর দিন কাটাইতাম..............................
* কেমনে ভুলিব আমি বাঁচি না তারে ছাড়া.......................
* আমি কুলাহারা কলঙ্কিনী........................................
* বন্ধে মায়া লাগাইছে পিরিতি শিখাইছে.........................
* আসি বলে গেল বন্ধু আইল না ..................................
* মন কান্দে প্রাণ কান্দে রে, কান্দে আমার হিয়া ............

BCS Spotlight

## আবদুল আলীম



আবদুল আলীম (Abdul Alim) বাংলা লোকসঙ্গীতের এক অমর শিল্পী। তিনি পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদের তালিবপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর কিছু অবিস্মরণীয় গান-

* নাইয়ারে নায়ের বাদাম তুইলা ......................
* এই যে দুনিয়া কিসেরও লাগিয়া.....................
* সর্বনাশা পদ্মা নদী, তোর কাছে ........................
* হলুদিয়া পাখী সোনারও বরণ, পাখিটি ছাড়িল কে.........

## আজম খান (১৯৫০ - ২০১১ খ্রি.)



বাংলা পপগানের জনক আজম খান (Azam Khan) ঢাকার আজিমপুরে জন্মগ্রহণ করেন। ১৯৭২ সালে 'উচ্চারণ' নামক ব্যান্ড দিয়ে তাঁর যাত্রা শুরু হয়েছিল। তিনি ছিলেন একজন বীর মুক্তিযোদ্ধা (২নং সেক্টর)। তাঁর কিছু অবিস্মরণীয় গান-

* এত সুন্দর দুনিয়ার কিছুই .........................
* চার কলেমা সাক্ষী দেবে............................
* ওরে সালেকা ওরে মালেকা .........................

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

## MCQ Solution

১. লালন ফকির সমধিক পরিচিত- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ফোকলোর বিভাগ) : ০৮-০৯]
ক) বাউল খ) আউল
গ) সুফি ঘ) দরবেশ হিসেবে
উত্তর: ক

২. লালন শাহ ছিলেন একজন- [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১২-১৩]
ক) গীতি কবি খ) লোক কবি
গ) মরমি কবি ঘ) কোনোটিই নয়
উত্তর: গ

৩. ছেউড়িয়া কেন বিখ্যাত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫]
ক) রবীন্দ্রনাথের কুঠিরবাড়ি খ) লালন ফকিরের আখড়া
গ) প্রাচীন বৌদ্ধ মন্দির ঘ) বনাঞ্চল
উত্তর: খ

৪. লালন শাহের আখড়া কোথায় অবস্থিত? [পরিবেশ অধিদপ্তরের রিসার্চ অ্যাসিস্টেন্ট : ০৬]
ক) সিলেট খ) চট্টগ্রাম
গ) রাজশাহী ঘ) কুষ্টিয়া
উত্তর: ঘ

৫. লালন শাহের মাজার কোন জেলায়? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্মচারী : ১৩]
ক) কুষ্টিয়া খ) সাতক্ষীরা
গ) নওগাঁ ঘ) বগুড়া
উত্তর: ক

৬. "কেউ মালা, কেউ তসবি গলায়, তাইতো জাত ভিন্ন বলায়" এই পংক্তি নিচের একজনের - [১৭তম বিসিএস]
ক) লালন শাহ খ) সিরাজ সাঁই
গ) মদন বাউল ঘ) পাগলা কানাই
উত্তর: ক

৭. 'খাঁচার ভিতর অচিন পাখী কেমনে আসে যায়'- এ পংক্তিটি- [বাংলাদেশ টেলিভিশন-এর প্রযোজক : ০৬]
ক) বাউল পদাবলীর অন্তর্গত খ) শাক্ত পদাবলীর অন্তর্গত
গ) বৈষ্ণব পদাবলীর অন্তর্গত ঘ) কোনটিই নয়
উত্তর: ক

৮. 'খাঁচার ভিতর অচিন পাখী কেমনে আসে যায়'- পংক্তিটি কার রচনা? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক : ০৯]
ক) হাছন রাজা খ) লালন শাহ
গ) পাগলা কানাই ঘ) কাঙ্গাল হরিনাথ
উত্তর: খ

৯. 'আমি অপার হয়ে বসে আছি' কার রচনাংশ? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (গণযোগাযোগ ও সাংবাদিকতা) : ০৫-০৬]
ক) হাছন রাজার খ) লালন ফকিরের
গ) পাগলা কানাইয়ের ঘ) মনজুশাহের
উত্তর: খ

১০. "জাত গেল জাত গেল বলে, একি আজব কারখানা, সত্য কাজে কেউ নয় রাজী, সবই দেখি তা না না না"- লালন এই গানে কোন ব্যবস্থার প্রতিবাদ করেছেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান) : ১৩-১৪]
ক) শ্রেণি বৈষম্যের খ) বর্ণ বৈষম্যের
গ) লিঙ্গীয় বৈষম্যের ঘ) কোনোটিই নয়
উত্তর: খ

১১. উনিশ শতকের সর্বাপেক্ষা খ্যাতনামা বাউল কে? [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে সহকারী পরিসংখ্যান কর্মকর্তা : ১৮]
ক) পাগলা কানাই খ) হাসন রাজা
গ) আব্বাস উদ্দিন ঘ) লালন শাহ
উত্তর: ঘ

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



১২. সঙ্গীত শিল্পী আব্বাসউদ্দিন আহমেদ কত সালে জন্মগ্রহণ করেন? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫]
ⓚ ১৯০১ ⓖ ১৯১০
ⓖ ১৯১৭ ⓘ ১৮৮৯ উত্তর: ক

১৩. সুরসম্রাট ওস্তাদ আলাউদ্দিন খাঁ কোথায় জন্মগ্রহণ করেন? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ ইউনিট) : ১৪ -১৫ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্রিসানথিমাম) : ১২/ খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক : ০৯ / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]
ⓚ ব্রাহ্মণবাড়িয়া ⓖ চট্টগ্রাম
ⓖ মুর্শিদাবাদ ⓘ কোলকাতা উত্তর: ক

১৪. বাদ্যযন্ত্র 'সরোদ' এর বর্তমান রূপ দেন-[জাতীয় সংসদ সচিবালয়ের অধীনে সহকারী সচিব : ৯৬]
ⓚ ওস্তাদ রবিশংকর ⓖ ওস্তাদ আয়াত আলী খান
ⓖ ওস্তাদ গোলাম আলী ⓘ ওস্তাদ আলাউদ্দিন খান উত্তর: ঘ

১৫. বিশ্ববরেণ্য সঙ্গীতজ্ঞ আলি আকবর খাঁর পিতা- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]
ⓚ আলাউদ্দিন খাঁ ⓖ আফতাবুদ্দিন খাঁ
ⓖ আয়াত আলি খাঁ ⓘ বিসমিল্লাহ খাঁ উত্তর: ক

১৬. 'গাড়ি চলে না চলে না রে'- গানটির রচয়িতা কে? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সাংবাদিকতা এবং গণমাধ্যম) : ১৩-১৪]
ⓚ বাপ্পা মজুমদার ⓖ সঞ্জীব চৌধুরী
ⓖ হাছন রাজা ⓘ শাহ আব্দুল করিম উত্তর: ঘ

১৭. শিল্পী আবদুল আলীম নিম্নোক্ত কোন সঙ্গীতে খ্যাতি অর্জন করেছেন? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (কলা ও মানবিক অনুষদ) : ১২-১৩]
ⓚ পল্লীগীতি ⓖ রবীন্দ্র সঙ্গীত
ⓖ লালনগীতি ⓘ ভাওয়াইয়া উত্তর: ক

১৮. বাংলাদেশের বিশিষ্ট উচ্চাঙ্গ সঙ্গীতশিল্পী- [তথ্য মন্ত্রণালয়ের অধীনে গণযোগাযোগ অধিদপ্তরে সহকারী তথ্য অফিসার : ০৫ / ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০২-০৩]
ⓚ বারীণ মজুমদার ⓖ আবদুল আলিম
ⓖ সোহরাব হোসেন ⓘ সৈয়দ আবদুল হামিদ উত্তর: ক

১৯. বিখ্যাত শিল্পী মান্না দে-র প্রকৃত নাম কী? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (বাংলা) : ১৩-১৪]
ⓚ প্রভাতকুমার দে ⓖ প্রবোধচন্দ্র দে
ⓖ প্রবোধচন্দ্র দত্ত ⓘ প্রতুলকুমার দে উত্তর: খ

২০. বুলবুল আহমেদ ছিলেন একজন- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১০ - ১১]
ⓚ ক্রিকেট খেলোয়াড় ⓖ গায়ক
ⓖ সংসদ সদস্য ⓘ অভিনেতা উত্তর: ঘ

BCS Spotlight

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner